# শিক্ষালয়টি হঠাৎ বন্ধ হয়ে গেল

শিক্ষার্থীদের অনিশ্চিত যাত্রা

**দিনাজপুর প্রতিনিধি** ২১ আগস্ট, ২০১৯ ০০:০০ | পড়া যাবে ৩ মিনিটে

Share 28



দিনাজপুরের ডিএডি ইনস্টিটিউট অব মেডিক্যাল টেকনোলজি নামের একটি শিক্ষালয় আগাম ঘোষণা ছাড়াই হঠাৎ বন্ধ করে দেওয়া হয়েছে। এ ঘটনায় ওই প্রতিষ্ঠানে অধ্যয়নরত শিক্ষার্থীরা বিক্ষুব্ধ হয়ে উঠেছে। প্রতিষ্ঠানটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় অনুমোদিত এবং রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদের অধিভুক্ত, যা দিনাজপুর ডায়াবেটিক ও স্বাস্থ্যসেবা হাসপাতালের অঙ্গপ্রতিষ্ঠান হিসেবে পরিচালিত হয়ে আসছিল। শিক্ষার্থীরা গতকাল মঙ্গলবার দুপুরে দিনাজপুর ডায়াবেটিক ও স্বাস্থ্যসেবা হাসপাতাল চত্বরে বিক্ষোভ করেছে। এ সময় তারা ফরম পূরণ ও পরীক্ষার কোনো ব্যবস্থা না করেই ইনস্টিটিউট একেবারে বন্ধ ঘোষণা করায় ক্ষোভ প্রকাশ করে।

জানা যায়, দিনাজপুর ডায়াবেটিক ও স্বাস্থ্যসেবা হাসপাতাল ২০১০ সালে প্যাথলজি ও রেডিওলজি দুটি কোর্স নিয়ে ডিএডি ইনস্টিটিউট অব মেডিক্যাল টেকনোলজি নামের প্রতিষ্ঠানটি চালু করে। ঈদুল আজহার ছুটির পর গতকাল মঙ্গলবার কলেজ খোলার কথা ছিল। এ দিনেই চূড়ান্ত বর্ষের শিক্ষার্থীদের ফরম পূরণের শেষ তারিখ বলে নোটিশ দেওয়া হয়েছিল। গতকাল সকালে শিক্ষার্থীরা ফরম পূরণ করতে এসে ডিএডি ইনস্টিটিউট অব মেডিক্যাল টেকনোলজির গেটে তালা ও নোটিশ দেখতে পায়। এ সময় শিক্ষার্থীরা প্রতিষ্ঠানপ্রধান এবং দিনাজপুর ডায়াবেটিক অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদকের সঙ্গে যোগাযোগ করে। প্রতিষ্ঠানটি বন্ধের ব্যাপারে তাঁরা কেউই সদুত্তর দিতে পারেননি। এতে শিক্ষার্থীদের মধ্যে ক্ষোভ ছড়িয়ে পড়ে।

চূড়ান্ত বর্ষের ছাত্র সাহাদত হোসেন জানান, কলেজ একেবারে বন্ধের ব্যাপারে তাঁদের আগে কিছুই জানানো হয়নি। ফরম পূরণ করতে এসে দেখেন কলেজ একেবারে বন্ধ করে দেওয়া হয়েছে। এতে তাঁরা চোখে-মুখে অন্ধকার দেখছেন। কলেজ কর্তৃপক্ষও তাঁদের কিছু জানাচ্ছে না। চূড়ান্ত বর্ষের ছাত্ররা কোথায় কিভাবে ফরম পূরণ ও পরীক্ষা দেবে তা তারা জানে না। এখন ভবিষ্যৎ নিয়ে অনিশ্চয়তার মধ্যে পড়েছে তারা।

বিক্ষুব্ধ শিক্ষার্থীরা জানায়, চার বছরের কোর্সের আট সেমিস্টারে তাদের প্রায় দুই লাখ টাকা সেমিস্টার ফি ও বেতন দিতে হয়েছে। অন্যান্য খরচ তো ছিলই। এ নিয়ে তারা আন্দোলন গড়ে তুলবে। কারণ শিক্ষার্থীদের কোনো ব্যবস্থা না করে কলেজ বন্ধ হতে পারে না। শিক্ষার্থীদের ভবিষ্যৎ নিয়ে ছিনিমিনি খেলার অধিকার কারো নেই।

এ ব্যাপারে দিনাজপুর ডায়াবেটিক অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক সফিকুল হক ছুটু বলেন, অনেক ব্যাপার রয়েছে। অনিয়ম-দুর্নীতি, শিক্ষার্থীদের অনিয়মিত উপস্থিতি এবং লোকসানের কারণে প্রতিষ্ঠানটি বন্ধ করা হয়েছে।

ভারপ্রাপ্ত অধ্যক্ষ ডা. মো. লিয়াকত আলী বলেন, 'আমি কিছুই জানি না। কমিটির সদস্যরা বলতে পারবেন।' প্রতিষ্ঠানপ্রধান হিসেবে আপনি কিছুই জানেন না, এটা কি আপনি বলতে পারেন—এ প্রশ্ন করা হলে তিনি বলেন, 'আমি দায়িত্বে আছি মাত্র।'

আজ বুধবার সকালে শিক্ষার্থীরা দিনাজপুর ডায়াবেটিস ও স্বাস্থ্যসেবা হাসপাতালের প্রধান ফটকে সকাল ৮টা থেকে অবস্থান কর্মসূচি শুরু করবে।

মন্তব্য

**0 Comments**  Sort by **Newest**

Add a comment...

Facebook Comments Plugin

Like  Share 28  টুইট





**Start Now on PC. Free Download**

বিজ্ঞাপন GameLoop



**যৌন জীবন নিয়ে খোলামেলা প্রিয়াঙ্কা যা বললেন!**

kalerkantho.com




**প্রয়োজনীয় টুলস ও হার্ডওয়্যার**

বিজ্ঞাপন ofuronto.com



**পিটিআই-এ যোগ দিলেন ইম মেয়ে**

kalerkantho.com




**Import Gps Phones**

বিজ্ঞাপন globalsources.com



**কুমারী মেয়েদের বিক্রি করা হয় এই মেলায়, দর হাঁকেন...**

kalerkantho.com



**'মশারির মতো পাতলা ফিনফিনে শাড়ি পরতে...**

kalerkantho.com



**অতিরিক্ত কারণেই ধ্বংস হয়ে**

kalerkantho.com

অনলাইন সর্বাধিক পঠিত অনলাইন সর্বশেষ ← →



‘বিসিএস ক্যাডার হওয়ার মতো কী যোগ্যতা তোমার আছে?’ (./online/chakriache/2019/08/21/805062)


## ntho&utm_medium=referral&utm_content=thumbnails-a:Below Article Thumbnails:)


## ntho&utm_medium=referral&utm_content=thumbnails-a:Below Article Thumbnails:)


## You May Like

(http://a-great-flights.zone?sub_id=taboola_306094_System1_FlightPrice_Mobile_Bangladesh_eastwestmedia-kalerkantho&ref=taboola_eastwestmedia-kalerkantho&compkey=flight+price+from+{{city}}+to+new+york&fbid=419213968647243&fbland=View&fbserp=Purchase)

### Flight Prices from Feni Sadar Might Surprise You

**Flight Prices | Search Ads**


(http://a-great-flights.zone?sub_id=taboola_306094_System1_FlightPrice_Mobile_Bangladesh_eastwestmedia-kalerkantho&ref=taboola_eastwestmedia-kalerkantho&compkey=flight+price+from+{{city}}+to+new+york&fbid=419213968647243&fbland=View&fbserp=Purchase)


(https://trk.fpsup.com/click.php?key=9j99nbhhkpb9bqeumg99&site=eastwestmedia-kalerkantho&campaign=%7Bcampaign%7D&thumbnail=http%3A%2F%2Fcdn.taboola.com%2Flibtrc%2Fstatic%2Fthumbnails%2Fa5d3e78f78f1b317b58b861e1b6b7c
08-21+06%3A32%3A54)

### [Game Of Thrones Game]: I Dare You Not to Be Addicted

**News | Game of Thrones**

(https://trk.fpsup.com/click.php?key=9j99nbhhkpb9bqeumg99&site=eastwestmedia-kalerkantho&campaign=%7Bcampaign%7D&thumbnail=http%3A%2F%2Fcdn.taboola.com%2Flibtrc%2Fstatic%2Fthumbnails%2Fa5d3e78f78f1b317b58b861e1b6b7c
08-21+06%3A32%3A54)
(http://www.tripminutes.com/20-hotels-in-striking-destinations-you-must-visit/?utm_source=taboola&utm_term=eastwestmedia-kalerkantho_1159850&utm_content=233830907&utm_medium=referral&utm_campaign=StrikingHotels-WW-DTM-TRM-TB)

## 20 Unbelievable Hotels You Won't Believe Actually Exist!

**Trip Minutes**

(http://www.tripminutes.com/20-hotels-in-striking-destinations-you-must-visit/?utm_source=taboola&utm_term=eastwestmedia-kalerkantho_1159850&utm_content=233830907&utm_medium=referral&utm_campaign=StrikingHotels-WW-DTM-TRM-TB)
(http://fetch-hair-transplant.fyi?sub_id=taboola_30999_System1_HairTransplantTurk_Mobile_ALL_eastwestmedia-kalerkantho&ref=taboola_eastwestmedia-kalerkantho&compkey=Hair+Transplant+Turkey+Price&fbid=419213968647243&fbland=View&fbserp=Purchase)

## The Cost of Hair Transplant in Turkey Might Surprise You

**Hair Transplant | Search Ads**

(http://fetch-hair-transplant.fyi?sub_id=taboola_30999_System1_HairTransplantTurk_Mobile_ALL_eastwestmedia-kalerkantho&ref=taboola_eastwestmedia-kalerkantho&compkey=Hair+Transplant+Turkey+Price&fbid=419213968647243&fbland=View&fbserp=Purchase)
(https://www.tips-and-tricks.co/home-and-garden/sea-containers-home/?utm_campaign=CHRYcontainerWWDSK&utm_source=Taboola&utm_medium=native&utm_term=eastwestmedia-kalerkantho)

## This woman bought four sea containers and converted them into a beautiful home

**Tips and Tricks**

(https://www.tips-and-tricks.co/home-and-garden/sea-containers-home/?utm_campaign=CHRYcontainerWWDSK&utm_source=Taboola&utm_medium=native&utm_term=eastwestmedia-kalerkantho)
(https://www.topexpensive.com/25-most-expensive-dog-breeds-in-the-world/?utm_source=taboola&utm_term=eastwestmedia-kalerkantho_1159850&utm_content=240252899&utm_medium=referral&utm_campaign=DogBreeds-WW-DTM-TEX-TB)

## 25 Most Expensive Dogs in the World That Are Incredibly Charming

**Topexpensive.com**

(https://www.topexpensive.com/25-most-expensive-dog-breeds-in-the-world/?utm_source=taboola&utm_term=eastwestmedia-kalerkantho_1159850&utm_content=240252899&utm_medium=referral&utm_campaign=DogBreeds-WW-DTM-TEX-TB)
(http://luxxory.com/sisters-took-pictures-40-years-dont-cry-see-last/?utm_source=taboola&utm_term=eastwestmedia-kalerkantho_1159850&utm_content=253942438&utm_medium=referral&utm_campaign=sister40-low-lux)

## Sisters Took Pictures for 40 Years Don't Cry When You See The Last!

**Luxxory**

(http://luxxory.com/sisters-took-pictures-40-years-dont-cry-see-last/?utm_source=taboola&utm_term=eastwestmedia-kalerkantho_1159850&utm_content=253942438&utm_medium=referral&utm_campaign=sister40-low-lux)
(http://hhdresearch.org/7-drinks-to-clean-your-liver/?utm_source=eastwestmedia-kalerkantho&utm_medium=taboola&utm_campaign=354_hhd_7drinkscleanliver_world&utm_content=175287785)

## 7 Drinks to Detoxify Your Liver

**Health & Human Research**

(http://hhdresearch.org/7-drinks-to-clean-your-liver/?utm_source=eastwestmedia-kalerkantho&utm_medium=taboola&utm_campaign=354_hhd_7drinkscleanliver_world&utm_content=175287785)

সম্পাদক : ইমদাদুল হক মিলন, নির্বাহী সম্পাদক : মোস্তফা কামাল, ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্রধান কার্যালয় : প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড্ডা, ঢাকা-১২২৯ ও সুপ্রভাত মিডিয়া লিমিটেড ৪ সিডিএ বাণিজ্যিক এলাকা, মোমিন রোড, চট্টগ্রাম-৪০০০ ও কালিবালা দ্বিতীয় বাইপাস রোড, বগুড়া থেকে মুদ্রিত। পিএবিএক্স : ০৯৬১২১২০০০০, ৮৪৩২৩৭২-৭৫, বার্তা বিভাগ ফ্যাক্স : ৮৪৩২৩৬৮-৬৯, বিজ্ঞাপন ফোন : ৮৪৩২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮৪৩২০৪৭, সার্কুলেশন : ৮৪৩২৩৭৬। E-mail : info@kalerkantho.com

Copyright © 2015-2019 kalerkantho.com